দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 MAY 2010
পৃষ্ঠা ২ কলাম ৫




বাস চাপায় নিহত বুয়েটের ছাত্র সম্রাটের সহপাঠীরা গতকাল ক্যাম্পাসে মানববন্ধন করে

# বুয়েটে শিক্ষক-শিক্ষার্থীদের মানববন্ধন

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্রের বাসের চাপায় মৃত্যুর ঘটনায় আন্দোলন অব্যাহত রয়েছে। খন্দকার খান জাহান সম্রাট নিহত হওয়ার ঘটনার প্রতিবাদ ও নিরাপদ সড়কের দাবিতে গতকাল শনিবার মানববন্ধন করেছেন প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষার্থীরা। দুপুরে কালোব্যাজ ধারণ করে এক হাজারেরও বেশি শিক্ষক-শিক্ষার্থী বুয়েট ক্যাম্পাসে এই কর্মসূচি পালন করেন।. পূর্বঘোষণা অনুযায়ী বুয়েটে গতকাল কোন ক্লাস অনুষ্ঠিত হয়নি।

মানববন্ধন ছাড়াও নিহত ছাত্রের স্মরণে গতকাল শোকদিবস পালন করে বুয়েট পরিবার। কালোব্যাজ ধারণ করে মৌন মিছিল করেন শিক্ষার্থীরা। তারা নয় দফা দাবিতে ভিসিকে স্মারকলিপি প্রদান করেন। এ সময় দাবি আদায় না হলে আরও কঠোর আন্দোলনের ঘোষণা দিয়েছেন তারা।

শিক্ষক-শিক্ষার্থীরা খান জাহানের স্মরণে আগামী এক সপ্তাহ কালোব্যাজ ধারণ করবেন। সোমবার বাদ আছর বুয়েট কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল ও আগামী ৩ জুন জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন করবেন শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল মানববন্ধন থেকে এই কর্মসূচি ঘোষণা করা হয়।

গত বৃহস্পতিবার ইডেন কলেজের সামনে উইনার পরিবহনের একটি বাসের নিচে চাপা পড়ে বুয়েটের যন্ত্রকৌশল বিভাগের প্রথম বর্ষের ছাত্র খান জাহান সম্রাটের মর্মান্তিক মৃত্যু হয়।

মানববন্ধনে বুয়েটের ভিসি অধ্যাপক এ এম এম সফিউল্লাহ বলেন, 'বিবেকবান মানুষের পক্ষে এ ঘটনা মেনে নেয়া কষ্টকর। এ ধরনের দুর্ঘটনার অবসান চাই'। সচেতনতা সৃষ্টির মাধ্যমে সারা দেশে নিরাপদ সড়ক নিশ্চিত

এরপর পৃষ্ঠা ১৯, কলাম ৭

## বুয়েটে শিক্ষক-শিক্ষার্থীদের

২০ পৃষ্ঠার পর

করতে আন্দোলন গড়ে তোলার আহবান জানান তিনি। তিনি আরো বলেন, ঘটনার বিচারের জন্য বুয়েটের পক্ষ থেকে সর্বোচ্চ চেষ্টা চলবে। যথাযথ আইনানুগ প্রক্রিয়ায় খান জাহানের হত্যাকারীদের বিচার ও বাসের মালিকপক্ষের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করা হবে বলে তিনি জানান। এ সময় বুয়েটের প্রো-ভিসি অধ্যাপক ড. হাবিবুর রহমান, রেজিস্ট্রার ড. শাহজাহানসহ ছাত্র-শিক্ষকরা উপস্থিত ছিলেন।

এর আগে ঘাতক বাস চালক ও তার সহযোগীদের গ্রেফতারের দাবিতে দুপুর ১২টায় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে বুয়েটের শিক্ষার্থীরা। মিছিলটি বুয়েট ক্যাম্পাস থেকে শুরু হয়ে পলাশী, আজিমপুর, নিউমার্কেট, নিলক্ষেত মোড় হয়ে ক্যাম্পাস ক্যাফেটেরিয়ার সামনে এসে শেষ হয়। পরে তারা সেখানে মানববন্ধন কর্মসূচি পালন করেন।

মানববন্ধন শেষে শিক্ষার্থীরা পূর্বঘোষিত ৯ দফা দাবিতে মৌন মিছিল করে ভিসিকে স্মারকলিপি প্রদান করেন। তাদের ৯ দফা দাবির মধ্যে রয়েছে সম্রাটের নিহত হওয়ার স্থানে একটি মনুমেন্ট নির্মাণ, পলাশী মোড়ে সম্রাটের নামে গেট নির্মাণ, নতুন ভবনের সামনে স্পিড ব্রেকার স্থাপন, ক্যাম্পাসের ভিতরে বাইরের গাড়ি প্রবেশ নিষিদ্ধ করা, সম্রাটের স্মরণে বুয়েট ক্যাম্পাস একদিন বন্ধ রাখা, কালোব্যাজ ধারণ ও সপ্তাহব্যাপী শোক কর্মসূচি ঘোষণা করা, বুয়েটের নিজস্ব অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা ও উইনার বাসের মালিকের বিরুদ্ধে মামলা ও ক্ষতিপূরণ আদায় করা।

এদিকে গতকাল পর্যন্ত ঘাতক বাসচালককে গ্রেফতার করতে পারেনি পুলিশ। নিহতের পরিবারকেও উইনার পরিবহনের পক্ষ থেকে কোন ক্ষতিপূরণ দেয়া হয়নি।

ঘাতকদের গ্রেফতারের বিষয়ে লালবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ আলী ইত্তেফাককে বলেন, ঘাতক বাসের চালকের গ্রেফতারের চেষ্টা অব্যাহত রয়েছে। তাদের সম্পর্কে পর্যাপ্ত তথ্য পাওয়া গেছে। দ্রুত তাকে গ্রেফতার করা হবে।